সংবাদ।

১০০

তারিখ ১৬/৯/৮২ ... ... ...
পৃষ্ঠা... ... ... কলাম... ... ...

## চট্টগ্রামে হোমিও কলেজ উদ্বোধন

চট্টগ্রাম, ১৫ই সেপ্টেম্বর (সংবাদদাতা)।—গত ১৩ই সেপ্টেম্বর চকবাজার সংলগ্ন আজিজুর রহমান হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ ও হাসপাতাল উদ্বোধন করা হয়। উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জনাব মোহাম্মদ রশিদ এম,পি। কলেজ উদ্বোধন করেন বাংলাদেশ হোমিওপ্যাথি বিজ্ঞান উন্নয়ন প্রকল্প পরিচালক আলহাজ্ব ডা: বদরুল আলম। দাতব্য চিকিৎসালয় উদ্বোধন করেন চট্টগ্রাম জেলা প্রশাসক জনাব ওমর ফারুক। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতি ছিলেন এডভোকেট মনজুর রহমান।